

ফাতওয়া নম্বর: ৪১০

প্রকাশকাল: ২৮-০৯-২০২৩ ইং

## মিরাস বণ্টনের পূর্বে অসচ্ছল ওয়ারিস কি যাকাত গ্রহণ করতে পারবে?

### প্রশ্ন:

একজন প্রাপ্তবয়স্ক ছেলো। তার বাবা মারা গেছেন। যিনি সরকারি চাকরিজীবী ছিলেন। বাবার পেনশনের টাকা বর্তমানে মা পান। ভাইয়েরা চাকরি করেন। বাবার সম্পত্তি মোটামুটি ভালোই আছে। কিন্তু এখনও বণ্টন করা হয়নি। এখন জানার বিষয় হলো, এই ছেলের জন্য কি অন্য কারও যাকাতের টাকা গ্রহণ করা জায়েয হবে?

### উত্তর:

ওয়ারিস সূত্রে প্রাপ্ত সম্পদ যদি তার যাবতীয় মৌলিক প্রয়োজনের অতিরিক্ত হয় এবং তার পরিমাণ সাড়ে বায়ান্ন তোলা রূপার সমমূল্যের হয়, তাহলে সে যাকাত গ্রহণ করতে পারবে না; যদিও মিরাস বণ্টিত না হয়।

উল্লেখ্য, কারও মৃত্যুর পর অবিলম্বে তার মিরাস উত্তরাধিকারীদের মাঝে বণ্টন করে দেওয়া জরুরি। তা না করে বিলম্বিত করা গুনাহ।-আল-ফাতাওয়াত তাতারখানিয়াহ: ৪/২৪২, ২৪৭ (যাকারিয়া বুক ডিপো), রদ্দুল মুহতার: ২/৩০৬ (দারুল ফিকর)

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৯-০২-১৪৪৫ হি.

০৫-০৯-২০২৩ ই.

